

**বিষয়: আন্তর্জাতিক বিষয়াবলি**

বিষয় কোড: ০০৭

নির্ধারিত সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

০১। নিম্নলিখিত যে কোন ১০টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন।

৪×১০=৪০

- (ক) বহুজাতিক রাষ্ট্র বলতে কি বুঝায়?
- (খ) মানব নিরাপত্তার প্রধান উপাদানসমূহ কি কি?
- (গ) গণতান্ত্রিক শান্তি তত্ত্বের (Democratic Peace Theory) মূল বক্তব্য কি?
- (ঘ) মানবতার বিরুদ্ধে অপরাধ বলতে কি বুঝায়? উদাহরণ দিন।
- (ঙ) এই ভূ-খন্ড' এবং 'ভূ-খন্ডগত অখন্ডতার মধ্যে পার্থক্য কি?
- (চ) উন্নয়নশীল দেশের বৈশিষ্ট্যসমূহ সংক্ষিপ্ত আলোচনা করুন।
- (ছ) বৈশ্বিক সম্পদের (Global Commons) ধারণাটি কি?
- (জ) আন্তর্জাতিক বাণিজ্যে সর্বাধিক পছন্দসই দেশ (Most Favoured Nation) বলতে কি বুঝায়?
- (ঝ) অভ্যন্তরীণ এবং বাহ্যিক হুমকির মধ্যে পার্থক্য কি?
- (ঞ) আন্তর্জাতিক রাজনীতিতে অরাষ্ট্রীয় কর্মক (Non-State Actors) বলতে কি বুঝায়? উদাহরণসহ লিখুন।
- (ট) জাতিসংঘের অধীনে শান্তিরক্ষা বলতে কি বুঝায়?
- (ঠ) আন্তর্জাতিক রাজনীতিতে শক্তি বলতে কি বুঝায়?

০২। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দিন:

১৫×৩=৪৫

- (ক) (i) বাংলাদেশ-মিয়ানমার দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বপূর্ণ বিষয়াদি চিহ্নিত করুন। ৫
- (ii) রোহিঙ্গা ইস্যুকে আপনি কি 'জাতীয় নিরাপত্তার সংকট' না 'মানবতার সংকট' হিসেবে বিবেচনা করেন? আপনার বিবেচনায় এ সংকট মোকাবেলা করার কৌশল ও পদক্ষেপসমূহ আলোচনা করুন। ১০
- (খ) (i) সিরিয়া যুদ্ধে রাশিয়ার সম্পৃক্ততার ফলে যুদ্ধের সম্ভাব্য পরিণতিতে কি ধরনের পরিবর্তন ঘটেছে বলে আপনি মনে করেন? ১০
- (ii) সিরিয়া সংকটের ভবিষ্যৎ কি? ৫
- (গ) অভিবাসন ও উন্নয়নের মধ্যকার সম্পর্ক চিহ্নিত করুন। সমসাময়িক বিশ্বব্যবস্থায় এ সম্পর্ককে আপনি কিভাবে মূল্যায়ন করেন? বিস্তারিত লিখুন। ১৫
- (ঘ) (i) বাংলাদেশের ভৌগোলিক অবস্থানের সমস্যা ও সম্ভাবনাসমূহ কি কি? ৬
- (ii) দক্ষিণ এশিয়ার পরিবর্তনশীল প্রেক্ষাপটে বাংলাদেশের ভূকৌশলগত গুরুত্ব ব্যাখ্যা করুন। ৯

০৩। মায়ানমার এবং ভারতের সঙ্গে সমুদ্র সীমানা বিরোধ নিষ্পত্তির ফলে বঙ্গোপসাগরে ব্যাপক অঞ্চল বাংলাদেশের সার্বভৌমত্বের অধীন। এই এলাকায় শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের জন্য একটি নীতিপত্র (Policy Brief) তৈরী করুন। ১৫